



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ১৪

তারিখঃ ০৩/০১/১৮খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি দারিদ্র্য বিমোচনে সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প এবং অনলাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে প্রকল্পের সকল কার্যক্রম পরিচালিত হয়। প্রকল্পের সুফলভোগীদের কাছ থেকে আদায়কৃত সঞ্চয় ও ঋণের কিস্তি মাঠ সংগঠক কর্তৃক সমিতি/সদস্য পর্যায়ে সফটওয়্যারে তাৎক্ষণিক এন্ট্রি/পোষ্টিং দেয়ার জন্য প্রকল্প থেকে অগ্রীম প্রদানপূর্বক ট্যাব ক্রয়ের নির্দেশনা রয়েছে এবং ইন্টারনেট বাবদ প্রকল্প দপ্তর হতে মাসিক ২ জিবি হারে (প্রতি মাঠ সংগঠক) ডাটা প্রদান বাবদ বিল পরিশোধ করা হয়; কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক মাঠ সংগঠক কর্তৃক সমিতি/ সদস্য পর্যায়ে ঋণ ও সঞ্চয়ের অর্থ এন্ট্রি দেয়া হয় না, যা শান্তিযোগ্য অপরাধ। তাই অটোমেশন কার্যক্রম সফল করার স্বার্থে যে সকল মাঠ সংগঠক ইতোপূর্বে প্রকল্প হতে অগ্রীম গ্রহনপূর্বক ট্যাব ক্রয় করেছেন অথচ কার্যকর নেই তাদের নিজ দায়িত্বে নিজ খরচে নতুন ভাল ব্রান্ডের ট্যাব ক্রয় করে ডাটা এন্ট্রির কাজ করতে হবে। আর যে সকল মাঠ সংগঠক এখনও অগ্রীম গ্রহন করেননি তাদেরকে অতিসত্ত্বর অগ্রীম গ্রহনপূর্বক ট্যাব ক্রয় করে ডাটা এন্ট্রির কাজ করতে হবে এবং গৃহীত অগ্রীম জুন/২০১৮খ্রিঃ এর মধ্যে সমন্বয় করতে হবে।

২। উল্লেখ্য, আগামী ফেব্রুয়ারী/২০১৮খ্রিঃ মাসের ২য় সপ্তাহে অনুষ্ঠিতব্য রিফ্রেশার্স কোর্সে ট্যাবে ডাটা এন্ট্রি সংক্রান্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা গ্রহনসহ মূল্যায়ন করা হবে এবং উক্ত মূল্যায়নে অকৃতকার্য কর্মচারীদের-কে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগের শর্ত মোতাবেক ১ (এক) মাসের অগ্রীম প্রদানপূর্বক চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে। তাই এ সংক্রান্ত বিষয়ে আরও মনোযোগীসহ দক্ষতা অর্জন করতে হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপপরিচালক, জেলাদপ্তর, বিআরডিবি, জেলাঃ-----।(প্রকল্পভুক্ত ১৫ জেলা)
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার(ইরেসপো), বিআরডিবি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা-----, জেলা-----।
৫. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো), উপজেলা-----, জেলা-----।
৭. মাঠ সংগঠক (ইরেসপো), উপজেলা-----, জেলা-----।
৭. অফিস নথি।